দৈনিক ইত্তেফাক

তারিখ ... NOV 01 1999 ...
পৃষ্ঠা ৪ কলাম ৬

57

# স্কুলটি সম্পর্কে তদন্ত করা হউক

আমি ঢাকা সেনানিবাসস্থ মাটিকাটা এলাকার একজন স্থায়ী বাসিন্দা। ১৯৯৪ সালে আমার ৫৯ নম্বর বাড়ি এবং আমার প্রতিবেশীর ৫৯/২ নম্বর বাড়ি সংলগ্ন দেওয়াল ঘেঁষিয়া সম্পূর্ণ জলাবদ্ধতার মধ্যে জনৈক ব্যক্তি বাঁশের খুঁটি দিয়া মাচা তৈয়ারি করিয়া একটি টিনের ঘর করেন এবং ঘরটির সম্মুখে 'ট্রিনিটি স্কুল' নামে একটি সাইনবোর্ড লাগানো হয়। বৎসরের অধিকাংশ সময় স্কুল ঘরের দরজা-জানালা বন্ধ দেখা যায়। এই প্রতিষ্ঠানের সহিত ছাত্র-শিক্ষকের কোন সংযোগ নাই। এখানে আমরা কোনদিন জাতীয় পতাকা উত্তোলিত হইতে দেখি নাই এবং জাতীয় সঙ্গীত শুনি নাই। এ ব্যাপারে কথা বলিতে গেলে আমাকে ভয়-ভীতি দেখানো হইয়াছে এবং সামাজিকভাবে হেয় প্রতিপন্ন করার চেষ্টা করা হয়। ফলে আমি নিরাপত্তাহীনতায় ভুগিতেছি। অনতিবিলম্বে স্কুলটি সম্পর্কে তদন্ত করিয়া প্রয়োজনীয় ব্যবস্থা নিতে যথাযথ কর্তৃপক্ষের নিকট আবেদন জানাইতেছি।

মোঃ নুরুল আমিন মৃধা,
৫৯, মাটিকাটা,
ঢাকা সেনানিবাস, ঢাকা।